

মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া পরিদর্শন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এবং তাঁর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় স্বাগত জানান একাডেমীর মহাপরিচালক ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক ও তাঁর সহধর্মিণী সেখ ফারজানা ফেরদৌসী।

বগুড়া-২০ এপ্রিল, ২০২৬।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান দায়িত্বগ্রহণের পর প্রথমবারের মতো নিজ জেলা বগুড়া সফরের অংশ হিসেবে তাঁর সহধর্মিণী স্নানামধ্য চিকিৎসক ও সমাজ সেবক ডা. জুবাইদা রহমানসহ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া পরিদর্শন করেন। একাডেমীর মহাপরিচালক ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক ও তাঁর সহধর্মিণী সেখ ফারজানা ফেরদৌসী মাননীয় প্রধানমন্ত্রী এবং তার সফর সঞ্জীবন্দকে আরডিএ তে স্বাগত জানান। এ সময় মাননীয় প্রধানমন্ত্রীর সফর সঞ্জী হিসেবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, এমপি এবং বগুড়া জেলার মাননীয় সংসদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষ্যে একাডেমী চত্বরে পল্লী উন্নয়ন একাডেমী উদ্ভাবিত বিভিন্ন সবুজ প্রযুক্তি প্রদর্শনীর আয়োজন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী অত্যন্ত আগ্রহসহকারে প্রতিটি উদ্ভাবিত প্রযুক্তি ঘুরে ঘুরে দেখেন। তিনি চরাঞ্চল ও উপকূলীয় অঞ্চলের জন্য উপযোগী জলবায়ু সহিষ্ণু বিভিন্ন প্রযুক্তি যেমন; মৌচাষ উন্নয়ন ও সূর্যমুখী চাষাবাদ সম্প্রসারণের উপর গুরুত্বারোপ করেন। একাডেমীর মহাপরিচালক ড. মজিদ মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করেন যে, সূর্যমুখী তেল উৎপাদন ও শোধনের জন্য দেশে আধুনিক সলভেন্ট এক্সট্রাকশন প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে সূর্যমুখী বীজ থেকে তেল আহরণ, শোধন, সংরক্ষণ ও বিপণনের জন্য একটি পূর্ণাঙ্গ শিল্প গড়ে তুলতে হবে।

একাডেমীর মহাপরিচালক ড. মজিদ মাননীয় প্রধানমন্ত্রীকে প্রদর্শনীতে উপস্থাপিত বায়োগ্যাসের মিথেন থেকে সিঞ্জেল সেল প্রোটিন উৎপাদন, খাল-বিল-জলমহলকে সমন্বিত বাস্তুসংস্থান ও জীববৈচিত্র্য ব্যবস্থাপনার আওতায় আনা; ন্যানো ফার্টিলাইজার, আর্টিফিশিয়াল ইনসেমিনেশন ও টিস্যু কালচার প্রযুক্তির প্রসার, পল্লী জনপদভিত্তিক আবাসন, আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে তরুণদের ফ্রিল্যান্সিংয়ে যুক্ত করা, দ্বি-স্তর কৃষি, ওয়াটার রিসাইক্লিং প্রযুক্তি, চলমান সোলার সেচ কার্যক্রম, বজ্রপাত নিরোধক, ট্রাইকো-কম্পোষ্ট প্রভৃতি সবুজ প্রযুক্তি ঘুরে দেখান। এছাড়া পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবঃ স্কুল এন্ড কলেজ এর অবকাঠামো ও ফলাফল সম্পর্কেও অবহিত করেন।

মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এবং তার সহধর্মিণী ডা. জুবাইদা রহমান একাডেমী ক্যাম্পাসে দুইটি ফলদ চারা (জামরুল ও সফেদা) রোপন করেন। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া তে অনুষ্ঠানরত বিসিএস বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের বিভিন্ন ব্যাচে অংশগ্রহণকারী ২৩১ জন বিসিএস কর্মকর্তাদের উদ্দেশ্যে ভাষণ দান করেন।

মাননীয় প্রধানমন্ত্রী পল্লী উন্নয়ন একাডেমী উদ্ভাবিত সবুজ প্রযুক্তি সমূহের প্রশংসা করেন এবং গবেষণার ফলাফল দ্রুত সারাদেশে বিস্তারের আহ্বান জানান। প্রসঙ্গতঃ সরকারের অন্যতম জাতীয় কর্মসূচি "কৃষক কার্ড" প্রণয়নে আরডিএ, বগুড়ার অবদানের জন্য বিশেষতঃ আরডিএ'র মহাপরিচালক ড. মোঃ আব্দুল মজিদ ও ড. একেএম জাকারিয়ার ভূয়সী প্রশংসা করেন এবং ভবিষ্যতে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক ও নীতি নির্ধারণী কর্মসূচিতে আরডিএ অগ্রণী ভূমিকা পালন করবে এই আশাবাদ ব্যক্ত করেন।

ড. মজিদ পল্লী উন্নয়ন একাডেমীতে মাননীয় প্রধানমন্ত্রী'র এই পরিদর্শনকে একাডেমীর ইতিহাসে গৌরবোজ্জল মাইলফলক হিসেবে উল্লেখ করে মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এবং তার সহধর্মিণী ডা. জুবাইদা রহমান এর প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

